

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়

সাঘাটা, গাইবান্ধা

১. সাঘাটা উপজেলার বিভিন্ন ইউনিয়নে পল্লী উন্নয়ন সমিতি, প্রাথমিক সমবায় সমিতির ও অনানুষ্ঠানিক দলের সদস্যদের মাঝে সহজ শর্তে সরকারি ঋণ সহায়তা প্রদান করা হয়েছে। যাতে করে গরীব ও অসহায়, কর্মহীন লোক সাবলম্বী হতে পারে।

২. গ্রামীণ এলাকার অবকাঠামো উন্নয়নে পিআরডিপি-৩ প্রকল্পের মাধ্যমে ছোট ব্রিজ, কালভার্ট, পানি নিষ্কাশন ড্রেন, ইউড্রেন, রাস্তা সলিং, রাস্তা সিসিকরণসহ গ্রামীণ এলাকার উন্নয়নে কাজ করা যাচ্ছে।

৩. গ্রামীণ লোকের জীবন মান উন্নয়নে ও আত্মকর্মসংস্থানে বিআরডিবি উদ্ভাবন পল্লী সৃজনের আওতায় "এক পণ্য, এক ভিলেজ" কাজে লাগিয়ে জুমারবাড়ী ইউনিয়নের আব্দুল্লাহ পাড়া গ্রামে দর্জি পল্লী গঠন করা হয়েছে। এখানে ১৫০ জন দরিদ্র ও বেকার মহিলা সেলাই প্রশিক্ষণ নিয়ে নিয়মিত কাজে জড়িত রয়েছে। তাদের উৎপাদিত পণ্য যেমন শার্ট, পাঞ্জাবী, ফতুয়া, টিশার্টসহ বিভিন্ন সামগ্রী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে সরবরাহ করা হয়। এই গ্রামটি এখন রোল মডেল হিসেবে কাজ করছে।